Please check the examination details below before entering your candidate information

| Candidate surname | Other names |
|---|---|
| | |

**Pearson Edexcel International GCSE (9–1)**

Centre Number | Candidate Number

# Monday 20 May 2019

Afternoon (Time: 2 hours 30 minutes) | Paper Reference **4BA0/01**

# Bangla

## Paper 1: Reading, Writing and Translation

**You do not need any other materials.**

Total Marks

## Instructions

- Use **black** ink or ball-point pen.
- **Fill in the boxes** at the top of this page with your name, centre number and candidate number.
- There are **three** sections you must answer:
  – Section A Questions 1–4
  – Section B Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c)
  – Section C Question 7.
- Answer the questions in the spaces provided
  *– there may be more space than you need.*
- You must **not** use a dictionary.

## Information

- The total mark for this paper is 100.
- The marks for **each** question are shown in brackets
  *– use this as a guide as to how much time to spend on each question.*

## Advice

- Read each question carefully before you start to answer it.
- Check your answers if you have time at the end.

*Turn over* ▶

P59944A
©2019 Pearson Education Ltd.
1/1/1/

P 5 9 9 4 4 A 0 1 2 0

Pearson

## SECTION A: READING

**Answer ALL questions.**

**Write your answers in the spaces provided.**

**Multiple-choice questions must be answered with a cross in a box ☒. If you change your mind about an answer, put a line through the box ☒ and then mark your new answer with a cross ☒. Open-response questions do not have to be written in full sentences and you may respond using single words or phrases.**

**1** নিচে **সেরা তরুণ রাঁধুনি** নামে রিয়ালিটি টিভি রান্নার প্রতিযোগিতা সম্বন্ধে লেখাটি পড়ো। প্রতিটি বাক্সে সঠিক অক্ষরটি বসাও।

*সেরা তরুণ রাঁধুনি ২০১৯*



নতুন বছরে ‘সেরা তরুণ রাঁধুনি ২০১৯’ শিরোনামে একটি নতুন টেলিভিশন সিরিজ শুরু হবে। একজন বিখ্যাত চলচ্চিত্র অভিনেতা স্টুডিও শ্রোতাদের সামনে সিরিজ উপস্থাপনা করবেন। বাংলাদেশের দশটি অঞ্চল থেকে যেসব তরুণ-তরুণীর বয়স পনেরো থেকে উনিশ বছর, তারা এতে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে। প্রত্যেক আঞ্চলিক বিজেতা সেমি-ফাইনালে যাবে। সেখান থেকে নির্বাচিত সেরা তিনজন বিজেতা ফাইনাল প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করবে।

প্রতিযোগীদেরকে নিজ নিজ পছন্দমতো রান্নার উপকরণ কেনার জন্য এক হাজার টাকা করে বরাদ্দ করা হবে। তাদেরকে খাবার রান্নার জন্য এক ঘণ্টা সময় দেওয়া হবে যা চারজন পেশাদার বাবুর্চি বিচারক যাচাই করবেন। চূড়ান্ত বিজেতা জনগণের ভোটে নির্বাচিত হবে, ঢাকার একটি মর্যাদাপূর্ণ রেস্টুরেন্টে বাবুর্চির চাকরী পাবে এবং পাঁচ লাখ নগদ টাকার পুরস্কারও সে বাড়িতে নিয়ে যাবে।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

| | | | |
|---|---|---|---|
| **A** তিনজন | **B** অপরিচিত | **C** এক হাজার | **D** সুপরিচিত |
| **E** পাঁচ | **F** ১৩-১৭ | **G** কুড়ি | **H** রেস্টুরেন্ট মালিক |
| **I** তিন হাজার | **J** পেশাদার বাবুর্চি | **K** দশটি | **L** পাঁচজন লোক |
| **M** ১৫-১৯ | | | |

| | | |
|---|---|---|
| **উদাহরণ:** | সিরিজগুলো দেশের … অঞ্চলে অনুষ্ঠিত হবে। | **K** |
| **1** (a) | প্রতিযোগীদের বয়সসীমা …। | |
| **1** (b) | একজন … অভিনেতা অনুষ্ঠান উপস্থাপনা করবেন। | |
| **1** (c) | … ফাইনাল পর্বে প্রতিদ্বন্দ্বিতা করবে। | |
| **1** (d) | প্রত্যেক প্রতিযোগী খরচের জন্য … টাকা পাবে। | |
| **1** (e) | চারজন … আঞ্চলিক বিজেতা নির্ণয় করবেন। | |
| **1** (f) | বিজেতার জন্য নগদ পুরস্কার … লাখ টাকা। | |

**(Total for Question 1 = 6 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**2** ছুটির পরিকল্পনা সম্বন্ধে নিচের লেখাগুলো পড়ো এবং সঠিক বাক্সে ☒ চিহ্ন দিয়ে সঠিক নাম/নামগুলোর সঙ্গে বাক্যগুলো মেলাও। কোনো কোনো ক্ষেত্রে বাক্যের সঙ্গে নামের মিল না-ও থাকতে পারে।

***ছুটির পরিকল্পনা***

**লায়লা**



আমি স্কুল ফাইনাল পরীক্ষার পর বন্ধুদের সাথে চট্টগ্রামের পাহাড়গুলোর অনুসন্ধান করতে চাই। এটা খুব দুঃসাহসীপূর্ণ কাজ। তাই পাহাড়ে ওঠার মতো প্রয়োজনীয় কাপড়চোপড় ও জুতা সাথে নিয়ে যাবো এবং তাঁবু কীভাবে খাটাতে হয় তাও শিখবো। আমরা ক্যাম্পে রান্নার জন্য কিছু খাবার নেবো আর পাহাড়ী লেইকের তাজা মাছ ধরে রাতে খাওয়ার জন্য সেগুলো ঝলসাবো। স্থানীয় লোকজনকে কাপড় ও খাবার দিয়ে সাহায্য করার পরিকল্পনাও আমাদের আছে।

**রাহুল**



ও লেভেল শেষ হলে আমার ইচ্ছা আছে আগামী ছুটিতে ঢাকার অদূরে একটি রিসোর্টে যাওয়া। সুন্দরভাবে সেখানে কিছু সময় আমি কাটাতে চাই। চারিদিকের প্রকৃতি অনুসন্ধান করার পরিকল্পনাও আমার আছে। সুন্দর পরিবেশ আমি খুঁজে বেড়াবো। সেইসঙ্গে সন্ধ্যাবেলায় নদীতে নৌকায় প্রমোদ-ভ্রমণ করার ইচ্ছাও আমার আছে যা শহরে সম্ভব নয়।

**জয়**



আমার ভাইবোনেরা চায় গরমের ছুটিটা কোনো এক সমুদ্রের ধারে কাটাতে চায়। কিন্তু আমি বাবামায়ের সাথে গ্রামে নানার খামারবাড়িতে গিয়ে আরাম করে সময় কাটাতে চাই। সেখানে গ্রামের সৌন্দর্য উপভোগ করা ছাড়াও নানাবাড়ির টাটকা ফলমূল আর তাজা মাছ খাওয়ার জন্য আর দেরি করতে পারছি না। নানার পুকুর থেকে মাছ ধরা শিখলে তা ভবিষ্যতে আমার নিজের মাছের ব্যবসা চালাতে আমাকে সাহায্য করবে।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

| | | লায়লা | রাহুল | জয় |
|---|---|---|---|---|
| **উদাহরণ:** | ভাইবোনেরা সমুদ্রের ধারে ছুটি কাটাতে যেতে চায়। | ☐ | ☐ | ☒ |
| **A** | আমি নির্জনে অবসর কাটাতে চাই। | ☐ | ☐ | ☐ |
| **B** | আমি নদীতে সাঁতার কাটতে চাই। | ☐ | ☐ | ☐ |
| **C** | পাহাড়ে হাঁটাচলার জন্য আমার বিশেষ সরঞ্জাম থাকা দরকার। | ☐ | ☐ | ☐ |
| **D** | আমি নদীপথে বেড়াতে চাই। | ☐ | ☐ | ☐ |
| **E** | আমি টাটকা পানির মাছ খেতে চাই। | ☐ | ☐ | ☐ |
| **F** | আমি তাঁবুতে ঘুমাতে চাই। | ☐ | ☐ | ☐ |
| **G** | পরীক্ষার পরে আমি ছুটি কাটাতে চাই। | ☐ | ☐ | ☐ |

**(Total for Question 2 = 8 marks)**



DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**3** নাবিলা সম্পর্কে লেখাটি পড়ো। বাংলায় নম্বর অথবা শব্দ/শব্দমালা দিয়ে নোটগুলি পূরণ করো।

*নাবিলা*

নাবিলা আলমের বয়স একুশ বছর। সে ঢাকার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। নাবিলা তৃতীয় বর্ষে লেখাপড়া করছে এবং সে নিয়েছে লেখাপড়ার সাথে সাথে একটি খণ্ডকালীন চাকরী করার। বিশ্ববিদ্যালয়ের বেশিরভাগ ক্লাশ বিকেলে এবং সন্ধ্যায় থাকায় পুরো সকালটাই নাবিলা বিভিন্ন জায়গায় চাকরীর ইন্টারভিউ দেয়।

কালক্রমে ইংরেজি ভাষা শেখার একটি স্কুলে অভ্যর্থনাকারী হিসেবে খণ্ডকালীন চাকরী পেয়ে যায় নাবিলা। স্বল্প বেতন হলেও সময় ভালোই কাটে তার। ছেলেবেলা থেকেই সে সবসময় আত্মনির্ভরশীল হতে চেয়েছিলো। লেখাপড়ায় নাবিলা অত্যন্ত মেধাবী হওয়ায় বিশ্ববিদ্যালয় থেকে সে বৃত্তিলাভ করে।

বিশ্ববিদ্যালয়ের পড়ালেখার শেষে নাবিলা একজন স্থপতি হিসেবে তার দক্ষতা বাড়াতে চায়। সে ইন্টারনেট খুঁজে দেখেছে বিভিন্ন দেশে ছাত্রছাত্রীরা কাজের সাথে জড়িত শিক্ষা গ্রহণ করছে। কাজেই সে একটি স্থপতি ফার্মে কাজ খুঁজতে চাচ্ছে। কাজের সাথে জড়িত শিক্ষার সুবিধা হলো: আর্থিক সচ্ছলতা ও চাকরীতে দক্ষতা লাভ।

নাবিলা স্বপ্ন দেখে একদিন সে তার নিজের স্থপতি ফার্ম চালাবে এবং সেখানে ভবিষ্যতের শিক্ষার্থীদের উপযুক্ত প্রশিক্ষণ দেবে। কিন্তু এই কাজে সফল হওয়ার জন্য সরকারের পক্ষ থেকে সহায়তা অথবা বেসরকারি বিনিয়োগকারীদের কাছ থেকে তার আর্থিক সাহায্যের প্রয়োজন।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**উদাহরণ:** নাবিলার বয়স: ..........২১..........

(a) নাবিলার লেখাপড়া: .......................... **(1)**

(b) তার বেশিরভাগ ক্লাশ হলো: .......................... .......................... **(2)**

(c) তার পার্ট-টাইম চাকরী হলো: .......................... **(1)**

(d) সে কাজ করে: .......................... **(1)**

(e) তার বেতন হলো: .......................... **(1)**

(f) অন্যান্য দেশের ছাত্রছাত্রীরা করে: .......................... **(1)**

(g) সে আর্থিক সাহায্য নেবে: .......................... আর .......................... **(2)**

(h) কাজের সঙ্গে জড়িত শিক্ষার সুবিধা: .......................... আর .......................... **(2)**

(i) নাবিলা স্বপ্ন দেখে: .......................... **(1)**

**(Total for Question 3 = 12 marks)**

**4** (a) নিচে দেওয়া ***তোমাদের প্রিয়জন*** থেকে লুৎফর রহমান রিটনের স্কুলের লেখাপড়ার কথা পড়ো।

***আমার স্কুল***

আমি ইসলামিয়া মডেল প্রাইমারি স্কুলে পড়তাম। ক্লাশে আমি সবসময় প্রথম হতাম। তবে স্কুলটা আমার ভালো লাগেনি কারণ ওখানে কোনো প্রতিদ্বন্দ্বীই ছিলো না আমার। ষষ্ঠ শ্রেণীতে উঠে নতুন স্কুল নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ভর্তি হলাম। স্কুলের প্রথমদিনে ক্লাশের একেবারে পেছনের সারিতে গিয়ে বসলাম এবং লক্ষ্য করলাম সবসময় তিনটি ছেলেই সব প্রশ্নের উত্তর দিচ্ছে। তারা ক্লাশের সেরা তিনজন ছাত্র তাই তাদের রোল নম্বর ছিলো এক, দুই এবং তিন আর আমার রোল নম্বর হলো চৌত্রিশ, ক্লাশের সবার নিচে।

ছয়মাস পরে আমি অর্ধ-বার্ষিক পরীক্ষা দিলাম। রেজাল্ট ঘোষণার দিন ক্লাশ টিচার রেজাল্টশিট পড়ে শোনালেন এবং আমি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম হলাম। ক্লাশের ছাত্ররা সবাই তখন বিস্মিত হয়ে আমার দিকে তাকালো। পরীক্ষায় সাফল্যের পর প্রথম বেঞ্চে আমার বসার জায়গা হলো। তখন থেকে ঐ তিনজন ছাত্রের সঙ্গে আমার প্রতিদ্বন্দ্বিতা শুরু হলো। এরপর সপ্তম ও অষ্টম শ্রেণীতে প্রথম স্থানেই থাকলাম।

কিন্তু দশম শ্রেণীতে স্কুলে উল্লেখযোগ্যভাবে আমার উপস্থিতি ও লেখাপড়ার অবনতি হলো যা আমার শিক্ষকদেরকে অবাক করে দিলো। এর কারণ কী ছিলো সে সম্বন্ধে আমি পুরোপুরি নিশ্চিত নই। তবে আমি দেখে আমার বেশিরভাগ সময় কাটাতে শুরু করলাম। ফলে আমি ক্লাশের মধ্যে তৃতীয় স্থানে নেমে গেলাম। শেষমেশ একটা পাশ গ্রেড নিয়ে ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ হলাম।

গল্পটি পড়ে **বাংলায় নিচের** প্রশ্নগুলোর উত্তর দাও। তোমার উত্তর সম্পূর্ণ বাক্যে লেখার প্রয়োজন নেই।

(i) প্রাইমারী স্কুলটা লেখকের ভালো লাগেনি কেন?

**(1)**

..............................................................................................................................

(ii) হাই স্কুলের প্রথম দিনে লেখক কী লক্ষ্য করলেন? **দুটি বিষয় লেখো।**

**(2)**

..............................................................................................................................

..............................................................................................................................

(iii) রেজাল্ট ঘোষণার পরে কী কী পরিবর্তন ঘটেছিলো? **দুটি বিষয় লেখো।**

**(2)**

..............................................................................................................................

..............................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

(iv) রেজাল্ট ঘোষণার দিনে তাঁর সহপাঠীদের প্রতিক্রিয়া কী ছিলো?

**(1)**

....................................................................................................

(v) কখন লেখাপড়ায় লেখকের মনোভাবের পরিবর্তন দেখা দিলো?

**(1)**

....................................................................................................

(vi) লেখকের নিম্নমানের সাফল্যের কারণ কী কী ছিলো? **দুটি বিষয় লেখো।**

**(2)**

....................................................................................................

....................................................................................................

(vii) সবশেষে লেখকের কী হয়েছিলো?

**(1)**

....................................................................................................

**4** (b) **লুৎফর রহমান রিটনের** *আমার স্কুল* **সম্পর্কে দুইজন বন্ধুর আলোচনাটি পড়ে** বাংলায় **প্রশ্নগুলোর উত্তর দাও।**

**লিজা:** ‘‘গল্প অনুযায়ী লেখক ক্লাশের সেরা ছাত্র ছিলেন। এটা সত্যিই অন্যায় যে ভালো ছাত্ররা সবসময় ক্লাশে সামনের সারিতে বসে এবং শ্রেণী শিক্ষকদের সব প্রশ্নের উত্তর দিয়ে তাঁদের মনোযোগ আকর্ষণ করে। শিক্ষকদেরও উচিৎ নয় লেখাপড়ায় পিছিয়ে থাকা ছাত্রদেরকে পেছনে বসতে দেওয়া। ছাত্রদের বসার ব্যবস্থার পরিবর্তন করা দরকার যাতে করে শিক্ষকরা ক্লাশের সব ছাত্রদের প্রতি দৃষ্টি দিতে পারেন। লেখাপড়ার বিষয়ে প্রতিদ্বন্দিতা থাকা ভালো। এটা ক্লাশের মধ্যে পরীক্ষায় ভালো ফলাফল করতে সাহায্য করে। কোনো কোনো স্কুলের কড়া নিয়মের ভয়ে ছাত্ররা প্রায়ই স্কুল পালায় এবং অসামাজিক আচরণে জড়িয়ে পড়ে। ফলে স্কুলের শিক্ষার মানেও ক্ষতিকর প্রভাব পড়ে। সারাদেশের স্কুলগুলোতে নিয়ম-কানুনগুলো কীভাবে পালন করা হয় সেটা শিক্ষাবোর্ডের পক্ষ থেকে পর্যালোচনা করে এমন একটা পরিবেশ তৈরি করা প্রয়োজন যাতে ছাত্ররা স্কুলে যেতে ভয় না পায়।’’

**সালমান:** ‘‘আমিও কিন্তু এ ব্যাপারেই ভাবছিলাম। ক্লাশের ছাত্রদের মধ্যে এক সহযোগিতামূলক সম্পর্ক গড়ে ওঠা বিশেষ প্রয়োজন যাতে প্রত্যেকটি ছাত্রই তাদের সাধ্যমতো লেখাপড়া করতে পারে। শিক্ষকদের শেখানোর মান আরও উন্নত হলে ছাত্ররাও সবাই উন্নতি করবে। শিক্ষকরা প্রায়ই চান যে বোর্ডে লেখা তথ্যগুলোর অধিকাংশই ছাত্ররা কপি করে না বুঝেই মুখস্থ করবে। আমাদের নিশ্চিত হতে হবে যে শিক্ষকরা পড়ানোর সময় নতুন নতুন প্রযুক্তি ব্যবহার করে লেখাপড়ায় ছাত্রদেরকে সুনির্দিষ্টভাবে মনোযোগী করে তুলবেন। লেখাপড়ায় অগ্রসর হতে অসমর্থ ছাত্রদেরকে তাদের পূর্ণ সম্ভাবনা অর্জনে অতিরিক্ত সাহায্যেরও দরকার। খেলাধূলা অথবা সৃজনশীল কাজের মাধ্যমেই তা সম্ভব হতে পারে। যেসব কৌশল আমি উল্লেখ করলাম, আশা করি একদিন সেগুলো বাস্তবায়িত হবে এবং আমরা বাংলাদেশের সব স্কুলেই উন্নতমানের শিক্ষা চালু হতে দেখবো।’’

(i) **নিচের বিষয়গুলোর ওপর প্রথম ছাত্রীর মন্তব্য সংক্ষেপে লেখো:**

- ক্লাশে ছাত্রদের বসার ব্যবস্থা

**(1)**

- স্কুলের নিয়মকানুন

**(1)**

.......................................................................................................................................................

.......................................................................................................................................................

(ii) **নিচের বিষয়গুলোর ওপর দ্বিতীয় ছাত্রের মন্তব্য সংক্ষেপে লেখো:**

- স্কুলগুলোতে শিক্ষার মান

**(1)**

- বিকল্প শিক্ষা পদ্ধতি

**(1)**

.......................................................................................................................................................

.......................................................................................................................................................

**(Total for Question 4 = 14 marks)**

**TOTAL FOR SECTION A = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

## SECTION B: WRITING

Answer Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c).

**Write your answers in the spaces provided.**

**5**

*তোমার সাপ্তাহিক ছুটির দিন*

বাড়ির কাজকর্ম

পরিবার

সামাজিক কাজকর্ম

গত শুক্রবার

তোমার সাপ্তাহিক ছুটির দিন সম্পর্কে বাংলায় প্রায় ৮০ শব্দের মধ্যে লেখো। তোমার লেখায় উপরে দেওয়া চারটি বিষয় অবশ্যই উল্লেখ করবে।



P 4BA0 | 2019 | May/June | Paper 1 | GradeMax 0

**(Total for Question 5 = 14 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**6** **নিচের** তিনটি কাজ থেকে যেকোনো একটি কাজ বেছে নিয়ে তার ওপর **বাংলায়** প্রায় ১৪০ শব্দের মধ্যে লেখো।

**কাজ ১**

(a)



তোমার শহর/এলাকাটা কেমন তার ওপর বাংলা খবরের কাগজের জন্য একটি নিবন্ধ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- তোমার এলাকার বৈশিষ্ট্যসমূহ
- এখানে তরুণদের জন্য কী কী সুযোগসুবিধা রয়েছে
- গত পাঁচ বছরে তোমার এলাকার কীভাবে পরিবর্তন হয়েছে

**(26)**

**কাজ ২**

(b)

হ্যালো,

শুভ জন্মদিন। আমাকে নিমন্ত্রণ করার জন্য তোমাকে ধন্যবাদ। তবে পরের দিন বিজ্ঞান পরীক্ষার প্রস্তুতির জন্য তোমার উৎসবে আসতে পারবো না। তুমি কীভাবে এই বিশেষ দিনটি পরিবার ও বন্ধুদের সাথে পালন করলে জানার জন্য উত্তরের অপেক্ষায় রইলাম!

রায়হান

রায়হান জন্মদিনের অভিনন্দন জানিয়ে যে-**টেক্সটটি** পাঠিয়েছে এর জবাবে সুন্দর একটি ই-মেইল লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- দিনটি তুমি কীভাবে পালন করেছো
- উৎসবে তোমার প্রিয় মুহূর্ত
- আগামী বছর এই দিনটি তুমি কীভাবে পালন করবে

**(26)**

**কাজ ৩**

(c) সামাজিক যোগাযোগের মাধ্যমগুলো ব্যবহারের সুবিধা ও অসুবিধাগুলো সম্বন্ধে তুমি ব্লগে লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- সামাজিক যোগাযোগের মাধ্যমগুলো ব্যবহারের সুবিধা কী কী
- সামাজিক যোগাযোগের মাধ্যমগুলো ব্যবহারের অসুবিধা কী কী
- সামাজিক মাধ্যমগুলো ভবিষ্যতে কীভাবে যোগাযোগ উন্নত করতে পারে

**(26)**

**Indicate which question you are answering by marking a cross ☒. If you change your mind, put a line through the box ☒ and then indicate your new question with a cross ☒.**

☒ **Question 6(a)** ☒ **Question 6(b)** ☒ **Question 6(c)**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 6 = 26 marks)**

**TOTAL FOR SECTION B = 40 MARKS**

**SECTION C: TRANSLATION INTO BANGLA**

**Write your answer in the space provided.**

7 নিচের লেখাটি **বাংলায়** অনুবাদ করো।

Sohel Khan is one of the most famous young film actors of Bangladesh. He made his first appearance in the film: "Everlasting Love" in 1998 but this was not a very popular film with the public. His breakthrough came when he starred in the box office hit: "My True Love". This led to him eventually becoming the most successful and highest paid actor in Bangladesh. He has received many awards during his life, including the 'Best Actor' award in 2011 and carried out lots of charity work for his local communities.

**(20)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 7 = 20 marks)**

**TOTAL FOR SECTION C = 20 MARKS**
**TOTAL FOR PAPER = 100 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

GradeMax

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

**Source information**

**Question 1**
© SnowWhiteimages/Getty Images

**Question 2**
© rvimages/Getty Images
© VikramRaghuvansh/Getty Images
© GCShutte/Getty Images

**Question 6**
© mtcurado/Getty Images